

## 📘 আল-মাঊন | Al-Ma'un | ٱلْمَاعُون

আয়াতঃ ১০৭ : ৫

### 💵 আরবি মূল আয়াত:

# الَّذِينَ هُم عَن صَلَاتِهِم سَاهُونَ ﴿۵﴾

#### 🗚 আনুবাদসমূহ:

যারা নিজদের সালাতে অমনোযোগী, — আল-বায়ান

যারা নিজেদের নামাযের ব্যাপারে উদাসীন, — তাইসিরুল

যারা তাদের সালাতে অমনোযোগী, — মুজিবুর রহমান

[But] who are heedless of their prayer - — Sahih International

৫. যারা তাদের সালাত সম্বন্ধে উদাসীন,

তাফসীরে জাকারিয়া

### ৫। যারা তাদের নামাযে অমনোযোগী। [1]

[1] নামাযে অমনোযোগী বা উদাসীন বলে ঐ সমস্ত লোকদেরকে বোঝানো হয়েছে, যারা মোটেই নাযায পড়ে না অথবা প্রথম দিকে পড়ত অতঃপর তাদের মধ্যে অলসতা এসে পড়েছে অথবা নামায যথাসময়ে আদায় করে না; বরং যখন মন চায় তখন পড়ে নেয় অথবা দেরী করে আদায় করতে অভ্যাসী হয় অথবা বিনয়-নম্রতার (ও একাগ্রতার) সাথে নামায পড়ে না ইত্যাদি। এই সমস্ত প্রকার ক্রটি ঐ অর্থের শামিল। অতএব নামাযের ব্যাপারে উক্ত সকল আচরণ হতে বাঁচা প্রয়োজন। এখানে এ উল্লেখ করাতে এ কথা স্পষ্ট হয়ে উঠে যে, এ সমস্ত বদ অভ্যাসে অভ্যন্ত ঐ সব লোকই হতে পারে, যারা আখেরাতের হিসাব ও প্রতিদানের প্রতি বিশ্বাস পোষণ করে না। এ জন্যই মুনাফিকদের একটি গুণ এও বর্ণনা করা হয়েছে যে, "যখন তারা (মুনাফিকরা) নামাযে দাঁড়ায় তখন শৈথিল্যের সাথে, কেবল লোক-দেখানোর জন্য দাঁড়ায় এবং আল্লাহকে তারা অল্পই স্মরণ করে থাকে।"(সূরা নিসা ১৪২ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6202



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন